CHILD RIGHTS ADVOCACY COALITION in BANGLADESH

**প্রেস বিজ্ঞপ্তি**

# শিশু রামিসা হত্যাসহ দেশজুড়ে শিশু ধর্ষণ ও হত্যার ক্রমবর্ধমান ঘটনায় 'চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ'- পক্ষ থেকে তীব্র নিন্দা ও দৃষ্টান্তমূলক বিচারের দাবি

**ঢাকা, ২৩ মে ২০২৬:** রাজধানীর মিরপুরের পল্লবীতে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী, আট বছর বয়সী শিশু রামিসা আক্তারকে ধর্ষন ও হত্যার ঘটনাসহ দেশজুড়ে শিশুদের ওপর চলমান বর্বরতায় গভীর উদ্বেগ, ক্ষোভ ও শোক প্রকাশ করছে শিশু অধিকার রক্ষায় কর্মরত সংস্থাগুলোর মোর্চা 'চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ'। এ ধরনের নৃশংসতার পুনরাবৃত্তি একটি সভ্য সমাজের জন্য হতাশা ও চরম লজ্জাজনক এবং জাতিসংঘ শিশু অধিকার সনদের স্পষ্ট লঙ্ঘন।

**ভয়াবহ পরিস্থিতি**

আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর পরিসংখ্যান অনুযায়ী, ২০২৬ সালের জানুয়ারি থেকে মে মাসের ২০ তারিখ পর্যন্ত কমপক্ষে ১১৮ জন শিশু ধর্ষণের শিকার হয়েছে, ধর্ষণের চেষ্টার শিকার হয়েছে কমপক্ষে ৪৬ শিশু এবং ধর্ষন পরবর্তী এবং ধর্ষণে ব্যর্থ হয়ে কমপক্ষে ১৭ শিশু হত্যাকাণ্ডের শিকার হয়েছে। কুমিল্লার মুরাদনগরে ৮ বছরের শিশু ধর্ষণ, ভোলার দৌলতখানায় ১২ বছরের শিশুর গণধর্ষণ এবং ময়মনসিংহের হালুয়াঘাটে ১২ বছরের শিশু ইমনের নির্মম মৃত্যু এই ভয়াবহতার আরও প্রমাণ।

**কোয়ালিশনের দাবি ও আহ্বান**

সমাজ কাঠামোতে শিশুর সুষ্ঠু বিকাশ ও শিক্ষার ঘাটতি, পারস্পরিক শ্রদ্ধাবোধের অভাব , যথাযথ আইন প্রণয়ন ও প্রয়োগে অকার্যকারিতা, এবং সামগ্রিক জবাবদিহিতার অভাবে আজ শিশুরা ঘরে-বাইরে নিরাপদ নয়। শুধু আইনি পদক্ষেপ যথেষ্ট নয়; প্রয়োজন পরিবার, সমাজ ও রাষ্ট্রের সর্বস্তরে সচেতনতা ও প্রতিরোধ। এ লক্ষ্যে কোয়ালিশন দাবি জানাচ্ছে:

- শিশুর প্রতি যেকোন ধরনের সহিংসতার দ্রুত সময়ের মধ্য বিচার ব্যবস্থা নিশ্চিত করা
- নিরাপত্তা নিশ্চিতকরণের মাধ্যমে রাষ্ট্রের প্রতি জনগনের আস্থা ফিরিয়ে আনা
- পরিবারে শিশুদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা, যেন তাদের সাথে ঘটা যেকোনো প্রকৃতির শোষণ এবং নির্যাতন যথাযথ সময়ে জানাতে পারে;
- সকল শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন ও সক্রিয় রাখা;
- শিশুদের ইন্টারনেট ব্যবহারে অভিভাবকদের সতর্ক নজরদারি, ডিজিটাল স্পেসে নিরাপত্তা ওসচেতনতা বাড়ানো;
- পাঠ্যসূচিতে শিশু অধিকার ও আত্মরক্ষামূলক বিষয় অন্তর্ভুক্ত করা এবং জরুরি হেল্পলাইন (১০৯৮ ও ৯৯৯) সম্পর্কে শিশুদের সচেতন করা।
- সমগ্র বাংলাদেশে প্রতিটি ওয়ার্ড-এ সমাজ ভিত্তিক শিশু সুরক্ষা কমিটি কার্যকর এবং দায়বদ্ধ ভূমিকা নিশ্চিত করা

চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ' অবিলম্বে এই সকল মামলাকে দ্রুত বিচার ট্রাইব্যুনালের আওতায় এনে অপরাধীদের দৃষ্টান্তমূলক সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে,

যেন ভবিষ্যতে কেউ এমন জঘন্য অপরাধ সংঘটন থেকে সম্পূর্ণরূপে বিরত থাকে। একই সাথে শিশু রামিসা হত্যার ঘটনায় মূল অভিযুক্ত ও তার সহযোগীদের অতি দ্রুততম সময়ের মধ্যে গ্রেপ্তার করার জন্য বাংলাদেশ সরকার ও আইনশৃঙ্খলা বাহিনীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে । নিখুঁত ও জবাবদিহিতামূলক তদন্ত ও আইনি প্রক্রিয়ার মাধ্যমে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করে দৃষ্টান্ত স্থাপন করতে রাষ্ট্রপক্ষকে শতভাগ দৃশ্যমান ভূমিকা পালনের অনুরোধ জানাচ্ছে। একইসাথে নিহত রামিসার পরিবারের পাশে দাঁড়ানো এবং ভুক্তভোগী শিশু-পরিবারগুলোর দীর্ঘমেয়াদী মানসিক ও সামাজিক পুনর্বাসনের দায়িত্ব রাষ্ট্রকে গ্রহণ করতে হবে। ন্যায়বিচার প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত কোয়ালিশনের প্রতিবাদী অবস্থান অব্যাহত থাকবে।

ধন্যবাদান্তে

-চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ